

## শিক্ষা সুবিধা বঞ্চিত ৫০ লাখ শিশু

### ■ সমকাল প্রতিবেদক

দেশের ৫০ লাখ শিশু শিক্ষা সুবিধা থেকে বঞ্চিত। দারিদ্র্যের কারণে শিক্ষা ব্যবস্থা থেকে ঝরে পড়ছে তারা। অপ্রতুল স্বাস্থ্যসেবার কারণে প্রতি বছর মৃত্যু হচ্ছে সাত হাজার মা এবং এক লাখ ২০ হাজার নবজাতকের।

গতকাল মঙ্গলবার সেভ দ্য চিলড্রেন আয়োজিত 'বঞ্চিত প্রতিটি শিশুর জন্য' শীর্ষক এক প্রচার উদ্বোধনী অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। রাজধানীর গুলশানে সেভ দ্য চিলড্রেনের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সংগঠনের কান্ট্রি ডিরেক্টর উইলিয়াম লিনচ, পলিসি রাইটস অ্যান্ড গভর্ন্যান্স ডিরেক্টর রাস হাগার, প্রোগ্রাম ডেভেলপমেন্ট অ্যান্ড কোয়ালিটি ডিরেক্টর শেরন হাউসার বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তারা জানান, পিছিয়ে পড়া শিশুদের উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে সেভ দ্য চিলড্রেন 'বঞ্চিত প্রতিটি শিশুর জন্য' শীর্ষক বিশ্বব্যাপী প্রচারণা শুরু করতে যাচ্ছে। বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে বাংলাদেশেও এ প্রচারে অংশ নিচ্ছে সেভ দ্য চিলড্রেন। অবহেলিত সব শিশু যাতে সরকারি ও বেসরকারি সুবিধায় অগ্রাধিকার পায় এ লক্ষ্যে মূলত কাজ করা হবে। প্রচারের মূল লক্ষ্য, যে সব শিশু শহরের বস্তিতে এবং অতি দুর্গম অঞ্চলে বাস করছে,

তাদের উন্নয়নের ধারায় অন্তর্ভুক্ত করা।

বক্তারা বলেন, শিশুমৃত্যুর হার কমানো এবং প্রাথমিক শিক্ষায় প্রবেশাধিকার নিশ্চিতকরণে বাংলাদেশের ঈর্ষণীয় সাফল্য থাকলেও প্রাথমিক অঞ্চলে বসবাসকারী শিশুরা উন্নয়নের মূলধারায় शामिल হতে পারেনি। দেশে যখন সর্বোচ্চ সংখ্যক শিশু প্রাথমিক শিক্ষায় অন্তর্ভুক্তি নিয়েছে ঠিক সেই সময়েও দেশের পঞ্চাশ লাখ শিশু শিক্ষার আলোর বাইরে। এ ছাড়া শিশুর প্রতি ক্রমবর্ধমান সহিংসতা একটি নৈমিত্তিক উদ্বেগের বিষয়ে পরিণত হয়েছে।

প্রচারের উদ্বোধনকালে কান্ট্রি ডিরেক্টর উইলিয়াম লিনচ বলেন, অঞ্চলভিত্তিক বৈষম্য দূর করার এটি একটি বড় সুযোগ। প্রত্যেক প্রান্তিক শিশু যে প্রেক্ষাপটের মধ্য দিয়ে বঞ্চনার জীবন-যাপন করছে তার শেকড়ের সন্ধান করে সমাধানের চেষ্টা চালিয়ে যেতে হবে। বিশেষ করে বস্তিবাসী শিশু থেকে শুরু করে সেই শিশুদের কাছে পৌঁছাতে হবে যাদের কাছে সত্যিই পৌঁছানো কঠিন। তারা সবাই প্রক্রিয়াক্রমে কারণে সার্বিক উন্নয়নের বাইরে পড়ে রয়েছে।

ন্যায্য বরাদ্দ, সমান সুযোগ ও স্বচ্ছ জবাবদিহিতা- এ তিনটি বিশেষ আহ্বানকে সামনে রেখে এ প্রচার সবার সমন্বিত অংশগ্রহণের মাধ্যমে সফল হয়ে উঠবে বলেও মন্তব্য করেন উইলিয়াম লিনচ।